B.A./5th Sem (H)/BEN/22(CBCS)

# 2022

## 5th Semester Examination

## BENGALI (Honours)

### Paper : DSE 1-T

[CBCS]

Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

**[ প্রাচীন সাহিত্যতত্ত্ব ও সাহিত্যতাত্ত্বিক ]**

**বিভাগ - ক**

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। "রীতিরাত্মা কাব্যস্য" কার উক্তি? এটি কোন্ গ্রন্থে আছে?

২। নাট্যশাস্ত্র-বিষয়ক প্রথম গ্রন্থটি কার লেখা? গ্রন্থটির নাম কী?

৩। সাহিত্যের কোন্ শাখাটিকে বলা হয় 'পঞ্চম বেদ' এবং কেন?

৪। 'ধ্বন্যালোক' গ্রন্থের ক'টি ভাগ ও কী কী?

৫। প্রাচীন অলংকারশাস্ত্র বিষয়ক দু'টি গ্রন্থ এবং গ্রন্থকারের নাম লেখো।

৬। ঔচিত্যবাদের প্রবক্তা কে? তাঁর ঔচিত্যবিষয়ক গ্রন্থটির নাম লেখো।

৭। মম্মট ভট্ট ও রুদ্রটভট্ট কোন্ শতকের আলংকারিক ছিলেন?

P.T.O.

৮। 'কাব্যমীমাংসা' গ্রন্থটি কার লেখা? তিনি কোন্ সময়ে বর্তমান ছিলেন?

৯। শব্দের লক্ষণা শক্তি বলতে কী বোঝায়?

১০। 'সাহিত্যদর্পণ' গ্রন্থের রচয়িতা কে? তিনি কোন্ প্রদেশের লোক ছিলেন?

১১। উৎপত্তিবাদ এবং অনুমিতিবাদের প্রবক্তা কে কে?

১২। আচার্য দণ্ডীর আবির্ভাবকাল নির্দেশ করে তাঁর একটি গ্রন্থের নাম লেখো।

১৩। আচার্য ভরতের 'নাট্যশাস্ত্র' গ্রন্থে ক'টি রসের উল্লেখ আছে? রসগুলির নাম লেখো।

১৪। চিত্রকাব্য কাকে বলে?

১৫। 'ব্রহ্মাস্বাদসহোদর' বলতে কী বোঝ?

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। টীকা লেখো : অভিনবগুপ্ত।

১৭। 'বাক্যং রসাত্মকং কাব্যম্' — ব্যাখ্যা করো।

১৮। আনন্দবর্ধন এবং অভিনব গুপ্তের মতে 'রসধ্বনি' শ্রেষ্ঠ ধ্বনি — আলোচনা করো।

১৯। টীকা লেখো : নাটকের পঞ্চসন্ধি।





২০। অলংকার শাস্ত্রে আচার্য বামনের অবদান বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

২১। 'সিদ্ধরস' বলতে কী বোঝায় লেখো।

## বিভাগ - গ

যে কোনো **দুইটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। বিভাব, অনুভাব ও সঞ্চারী ভাবের সহযোগে কীভাবে রসনিষ্পত্তি ঘটে তা বুঝিয়ে দাও।

২৩। "কাব্য যে মানুষের উপাদেয়, সে এই অলংকারের জন্য। কাব্যং গ্রাহ্যম্ অলংকারাৎ।" এই উক্তির যাথার্থ্য বিচার করো।

২৪। আনন্দবর্ধন কে? তিনি কোন্ মতবাদের প্রবক্তা? তাঁর মতবাদটি ব্যাখ্যা করো।

২৫। বক্রোক্তিবাদের পরিচয় দাও।

---

P.T.O.

অথবা

## [ বাংলা সাহিত্যে প্রভাব ]

### বিভাগ - ক

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'ভানুমতী চিত্তবিলাস' নাটকটি কার লেখা? এটি শেক্সপীয়রের কোন্ নাটক অবলম্বনে রচিত?

২। বাংলা সাহিত্যের 'স্কট' কাকে বলা হয়? তাঁর একটি রচনার নাম লেখো যেখানে স্কটের প্রভাব রয়েছে।

৩। মধ্যযুগের বাংলা সাহিত্যের কোন্ কবির উপর চার্লস্ ল্যাম্বের প্রভাব আছে? তাঁর কাব্যটির নাম লেখো।

৪। রবীন্দ্রনাথের 'পুনশ্চ' কাব্যের 'তীর্থযাত্রী' কবিতাটি কার, কোন্ কবিতার প্রভাবে রচিত?

৫। 'কবিতা নিকুঞ্জে তুমি পিককুলপতি' — কে, কার সম্পর্কে একথা বলেছেন?

৬। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের 'দায়ে পড়ে দারগ্রহ' প্রহসনে কার, কোন্ নাটকের প্রভাব আছে?

৭। রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের প্রথম গ্রন্থটি কার, কোন্ গ্রন্থের অনুবাদ?

৮। 'নলিনীবসন্ত' নাটকটি কার লেখা? এটি পাশ্চাত্যের কোন্ গ্রন্থের অনুবাদ?

৯। গ্রীক পুরাকাহিনী অবলম্বনে লেখা মধুসূদনের নাটকটির নাম এবং প্রকাশকাল লেখো।





১০। শেক্সপীয়রের 'Comedy of Errors' অবলম্বনে বাংলায় কে, কোন্ গ্রন্থ রচনা করেছিলেন?

১১। বুদ্ধদেব বসু পাশ্চাত্যের যেসব কবির কবিতা অনুবাদ করেছেন তাঁদের মধ্যে দু'জনের নাম লেখো।

১২। লোকসঙ্গীতের প্রভাব পড়েছে এরকম দু'টি রবীন্দ্রসঙ্গীতের উল্লেখ করো।

১৩। রবীন্দ্রনাথের 'লোকসাহিত্য' গ্রন্থে ক'টি প্রবন্ধ আছে? প্রবন্ধগুলির নাম লেখো।

১৪। ত্রৈলোক্যনাথের দু'টি গল্পের নাম লেখো যেখানে রূপকথার ছায়া আছে।

১৫। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখায় উদ্ধৃত যেকোনো একটি ছড়ার উল্লেখ করো।

### বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। রবীন্দ্রনাথের উপর কালিদাসের 'মেঘদূত'-এর প্রভাব সংক্ষেপে আলোচনা করো।

১৭। অবনীন্দ্রনাথের 'বাংলার ব্রত' অবলম্বনে লোকসংস্কৃতির স্বরূপ বিচার করো।

১৮। বঙ্কিমচন্দ্রের প্রবন্ধে চার্লস্ ল্যাম্বের প্রভাব সংক্ষেপে আলোচনা করো।

১৯। বৈদিক সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

২০। বাংলা সাহিত্যে ইউরোপীয় সাহিত্যের প্রভাবের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

P.T.O.

২১। বাংলা কমেডি নাটকের ধারায় শেক্সপীয়রের প্রভাব সংক্ষেপে আলোচনা করো।

### বিভাগ - গ

যে কোনো **দুইটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কথাসাহিত্যে লোকসাহিত্যের প্রভাব সম্পর্কে একটি নিবন্ধ রচনা করো।

২৩। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর রচনায় যে রূপকথার ছায়াপাত ঘটেছে তার পরিচয় দাও।

২৪। আধুনিক কবি বুদ্ধদেব বসুর কাব্য আলোচনা সূত্রে তাঁর ওপরে বোদলেয়ারের প্রভাব আলোচনা করো।

২৫। মধ্যযুগের মঙ্গলকাব্যগুলিতে পুরাণের প্রভাব আলোচনা করো।

---

**অথবা**

**[ সাহিত্য আন্দোলন, সমালোচনা ও রূপরীতি ]**

### বিভাগ - ক

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'পোস্ট মর্ডানিজম্'-এর দু'টি বৈশিষ্ট্য লেখো।

২। নারীবাদ শব্দটি কে, কতসালে প্রথম ব্যবহার করেন?

৩। 'এক্সপ্রেশনিজম্'-এর বাংলা প্রতিশব্দ কী? কোন্ দেশে প্রথম এই আন্দোলনের সূত্রপাত?





৪। 'ইম্প্রেশনিজম্'-এর একজন পাশ্চাত্য ও একজন প্রাচ্য সাহিত্যিকের নাম লেখো।

৫। অ্যাবসার্ডবাদের দু'টি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৬। সনেটের 'অষ্টক' ও 'শতক' বলতে কী বোঝায়?

৭। বাংলা সাহিত্যে চেতনাপ্রবাহরীতির দু'টি উপন্যাসের নাম লেখো। সেগুলির রচয়িতা কে কে?

৮। 'মেলোড্রামা' কাকে বলে? বাংলা সাহিত্যের একটি এই জাতীয় নাটকের নাম উল্লেখ করো।

৯। প্রকাশকালসহ রবীন্দ্রনাথের দু'টি নাট্যকাব্যের নাম লেখো।

১০। বাংলা সাহিত্যে আত্মজীবনীমূলক দু'টি উপন্যাসের নাম লেখো। সেগুলির রচয়িতা কে কে?

১১। নাট্যকাব্য ও কাব্যনাট্যের দু'টি পার্থক্য লেখো।

১২। প্রমথ চৌধুরীর লেখা দু'টি সনেটের নাম লেখো।

১৩। মধ্যযুগের একটি বাংলা গীতিকার নাম লেখো। এই গীতিকার একটি নারী চরিত্রের নাম লেখো।

১৪। তুলনামূলক সাহিত্য সমালোচনা বলতে কী বোঝায়?

১৫। পাশ্চাত্যের ঐতিহাসিক সমালোচনা পদ্ধতির দু'জন প্রবর্তকের নাম লেখো।

### বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। টীকা লেখো : সনেট।

P.T.O.

১৭। টীকা লেখো : ব্যালাড।

১৮। 'আর্কেটাইপাল ক্রিটিসিজম্-এর মূল কথা কী? এই সমালোচনা পদ্ধতির সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৯। 'অ্যাবসার্ড' নাটকের ক্ষেত্রে বাদল সরকারের অবদান সংক্ষেপে আলোচনা করো।

২০। রবীন্দ্রনাথের নৃত্যনাট্যগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

২১। চেতনাপ্রবাহ রীতির উপন্যাসের সংজ্ঞা দাও। এই শ্রেণির একটি উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

## বিভাগ - গ

যে কোনো **দুইটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। মর্ডানিজমের উদ্ভব ও বিকাশের ইতিবৃত্ত লেখো।

২৩। 'ফেমিনিজম্' আন্দোলন সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

২৪। আত্মজীবনীমূলক উপন্যাসের বৈশিষ্ট্য উল্লেখ করে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী' অথবা, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'শ্রীকান্ত' উপন্যাসকে আত্মজীবনীমূলক উপন্যাস বলা যায় কি না বিচার করো।

২৫। 'মিথ ক্রিটিসিজম্' বলতে কী বোঝ? এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।